

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ
দক্ষিণ নগর ভবন ১৩তলা, ফুলবাড়িয়া, ঢাকা-১০০০
ওয়েবসাইট: www.dtca.gov.bd

নম্বর ৩৫.০২.০০০০.০০২.১৪.০০১.১৯-২০০

তারিখ: ১৫-০৭-২০২০ খ্রিস্টাব্দ।

অফিস আদেশ


গত ১৬-১০-২০১৮ তারিখে ডিটিসিএ'র ৩৫.০২.০০০০.০০২.৪০.০০২.১৬-৩৯৫ সংখ্যক আদেশমূলে জনাব মোঃ আনিসুর রহমান, ট্রাফিক ইঞ্জিনিয়ার-(উপসচিব) কে ডিটিসিএ'র আওতায় বাস্তবায়নধীন The Feasibility Study on Bus Rapid Transit (BRT) Line-7" শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসেবে অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হয়।

২। গত ০৫-০৬-২০২০ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে ০৫.০০.০০০০.১৩০.১২.০০৩.১৭.৩০৪ সংখ্যক প্রজ্ঞাপনমূলে জনাব মোঃ আনিসুর রহমান-কে যুগ্মসচিব হিসেবে পদোন্নতি প্রদান করা হয়।

৩। গত ৮-০৬-২০২০ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৫.০০.০০০০.১৩২.১৯.০০২.১৭.৩৭৮ সংখ্যক প্রজ্ঞাপনমূলে যুগ্মসচিব পদে পদোন্নতিপ্রাপ্ত জনাব মোঃ আনিসুর রহমান-কে ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষে প্রেষণে নিয়োগ/পদায়ন (ইনসিটু) করা হয়।

৪। তৎপ্রেক্ষিতে জনাব মোঃ আনিসুর রহমান গত ০৯-০৬-২০২০ তারিখে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে ট্রাফিক ইঞ্জিনিয়ার (যুগ্মসচিব) হিসেবে যোগদান করলে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ হতে ১৪-০৬-২০২০ তারিখে যোগদানপত্রটি পৃষ্ঠাঙ্কন করা হয়।

৫। এ প্রেক্ষাপটে ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষের আওতায় বাস্তবায়নধীন "The Feasibility Study on Bus Rapid Transit (BRT) Line-7" শীর্ষক প্রকল্পের লক্ষ্য, উদ্দেশ্য ও কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য অত্র কর্তৃপক্ষের ট্রাফিক ইঞ্জিনিয়ার পদে প্রেষণে কর্মরত জনাব মোঃ আনিসুর রহমান (যুগ্মসচিব)-কে প্রকল্প পরিচালক নিয়োগ অব্যাহত রাখা হলো। তিনি নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে এ দায়িত্ব পালন করবেন এবং বিধি মোতাবেক দায়িত্বভাতা প্রাপ্য হবেন।


খন্দকার রাবিবুল রহমান
নির্বাহী পরিচালক
ফোন: ৯৫৬২৬৮৬

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে-বাংলা নগর, ঢাকা।

৪। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে-বাংলা নগর, ঢাকা।

৫। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে-বাংলা নগর, ঢাকা।

৬। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে-বাংলা নগর, ঢাকা।

৭। সচিব অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৮। অতিরিক্ত সচিব (বাজেট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৯। অতিরিক্ত সচিব (উন্নয়ন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১০। অতিরিক্ত নির্বাহী পরিচালক (পিএন্ডপি/ম্যাস ট্রানজিট/টিএমপিটিআই), ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ।

১১। পরিচালক (প্রশাসন), ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ।

১২। জনাব মোঃ আনিসুর রহমান, ট্রাফিক ইঞ্জিনিয়ার, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ।

১৩। উপসচিব (জিএফডিপি) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৪। জনাব মুহম্মদ রকিবুল হাসান, ট্রান্সপোর্ট প্ল্যানার, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ।

১৫। সহকারী ট্রান্সপোর্ট ইকোনোমিস্ট, ডিটিসিএ (ডিটিসিএ ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।